

“একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.nbr.gov.bd


নথি: ০৮.০১.০০০০.০২৭.০৮.০০৪.১৮(অংশ-৩)/২৩৬

তারিখ : ২৪/০৬/২০১৯ খ্রিঃ।

বিষয়ঃ ২৯শে জুন, ২০১৯ খ্রিঃ সকাল ৯:০০ ঘটিকা থেকে বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত আয়কর অফিস খোলা রাখা এবং ৩০শে জুন ২০১৯ খ্রিঃ পর্যন্ত সাময়িক আদায়ের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

আদিষ্ট হয়ে উপর্যুক্ত বিষয়ের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। আগামী ৩০শে জুন রবিবার ২০১৮-২০১৯ অর্থবছরের শেষ দিন। তার পূর্ববর্তী দিন ২৯শে জুন শনিবার সরকারী ছুটির দিন। রাজস্ব আদায় ও সংগ্রহের জন্য জুন মাসের শেষ সপ্তাহ অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২৯শে জুন সরকারী ছুটির দিন বিধায় ঐ দিন রাজস্ব আদায় সম্ভবপর হবে না। উক্ত তারিখে কর আহরণের স্বার্থে মাঠ পর্যায়ের সকল আয়কর অফিস খোলা রাখা প্রয়োজন। এমতাবস্থায় মাঠ পর্যায়ের সকল আয়কর অফিস ২৯/০৬/২০১৯ খ্রিঃ তারিখ শনিবার সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত খোলা রাখা এবং ৩০ জুন ২০১৯ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে ২০১৮-২০১৯ অর্থবছরের সাময়িক আদায়ের (জুন ২০১৯ খ্রিঃ মাসের ও জুন ২০১৯ খ্রিঃ মাস পর্যন্ত) সর্বশেষ তথ্য নির্ধারিত ছক অনুযায়ী নিম্নস্বাক্ষরকারী বরাবর সফট কপি (nbrtax5@gmail.com) এবং হার্ড কপি প্রেরণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।


(সাইয়ীদ ফাহ্দ আল কারিম)
দ্বিতীয় সচিব
কর পরিবীক্ষণ ও সমন্বয়

বিতরণঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়ঃ

কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫, ঢাকা।

কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরীপ অঞ্চল, ঢাকা।

কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪, চট্টগ্রাম।

কর কমিশনার, কর অঞ্চল-নারায়ণগঞ্জ/গাজীপুর/ময়মনসিংহ/কুমিল্লা/বগুড়া/রাজশাহী/রংপুর/বরিশাল/সিলেট/খুলনা।